




ইমদাদ-সিতারা খান বৃত্তি

স্পন্দনবি বাংলাদেশ অফিস

৩০২ মিরপুর রোড, শ্যামলী, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

SpaandanB Web: www.spaandanb.org, Email: mostafiz14@yahoo.com

ফোন : ০২-৯১২৭৪৩৯, ০১৭১৩-০৩৬৩৬০



ইমদাদ-সিতারা খান ফাউন্ডেশন এর অর্থায়নে প্রবাসী বাংলাদেশীদের সেবামূলক প্রতিষ্ঠান স্পন্দনবি ২০১৭ সালে এইচএসসি পরীক্ষায় পাশ করে বর্তমানে ডিগ্রী পর্যায়ে প্রথম বর্ষ (শিক্ষাবর্ষ ২০১৭-২০১৮) বিএসসি অনার্স; বিএসসি অনার্স (কৃষি ও পশুপালন এর সকল বিষয়); এমবিবিএস; বিডিএস; বিএসসি টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, বিএসসি ইঞ্জিনিয়ারিং, বিএ অনার্স, বিএসএস অনার্স এবং বিবিএ এ অধ্যয়নরত মেধাবী অসচ্ছল ছাত্র/ছাত্রীদের কাছ থেকে ইমদাদ-সিতারা খান বৃত্তির জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে। A4 সাইজ সাদা কাগজে আবেদন পত্র/নিদ্রিষ্ট ছকে (www.spaandanb.org ওয়েব সাইট থেকে পাওয়া যাবে) পূরণ করে তা চেয়ারম্যান, ইমদাদ-সিতারা খান বৃত্তি নির্বাচন কমিটি ৩০২ মিরপুর রোড, শ্যামলী, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ এই ঠিকানায় (কুরিয়ার/ডাকযোগে/সরাসরি অফিসে) আগামী ১৮ নভেম্বর, ২০১৮ তারিখের মধ্যে পৌঁছাতে হবে।

আবেদনের যোগ্যতা : এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় ৪র্থ বিষয় ছাড়া বিজ্ঞান বিভাগের ছাত্র-ছাত্রীদের জন্য নূন্যতম জিপিএ ৯.৫ (উভয় পরীক্ষায় নূন্যতম ৪.৬) এবং অন্যান্য বিভাগের ছাত্র-ছাত্রীদের জন্য নূন্যতম জিপিএ ৯ (উভয় পরীক্ষায় নূন্যতম ৪.৫) থাকতে হবে। আবেদন পত্রের নমুনা কপি www.spaandanb.org ওয়েব সাইটে অথবা উপরের ঠিকানায় যোগাযোগ করে পাওয়া যাবে।

যে সব তথ্য আবেদন পত্রের সাথে অবশ্যই যুক্ত করতে হবেঃ

১. বর্তমানে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নের প্রমাণপত্র/প্রত্যয়নপত্র (প্রতিষ্ঠানের প্রধান /হল সুপার/প্রভোস্ট কর্তৃক সত্যায়িত)
২. পরীক্ষা পাশের মার্কশিট / ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি (অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/শিক্ষয়িত্রী কর্তৃক সত্যায়িত)
৩. সাম্প্রতিক তোলা ১ কপি পাসপোর্ট সাইজ ছবি (অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/শিক্ষয়িত্রী কর্তৃক সত্যায়িত)
৪. আবেদনকারী কেন নিজেই এই বৃত্তির যোগ্য মনে করেন ৩০০-৪০০ শব্দে তার বর্ণনা (স্বহস্তে বাংলায় লিখিত)।
৫. প্রার্থীর প্রদানকৃত তথ্যে কোন রকম অসঙ্গতি পাওয়া গেলে আবেদন বাতিল করা হবে।
৬. শুধুমাত্র এমবিবিএস এবং বিডিএস এর ক্ষেত্রে এইচএসসি ২০১৬ সালে পাশ করা ছাত্র-ছাত্রীরাও আবেদন করতে পারবে।

বিশেষ দৃষ্টব্য:

লিখিত বর্ণনাতে অন্যান্য তথ্যের সাথে ব্যয়ের খাতগুলো উল্লেখ করতে হবে এবং কোন কোন আয়ের উৎস থেকে সেগুলো পূরণ করা হয় তার উল্লেখ থাকতে হবে।